

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়
নোয়াখালী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র,
গাবুয়া, নোয়াখালী।

www.noakhalttc.gov.bd

স্মারক নং-টিটিসি/নোয়া/সেইপ-১৯৭/২৩

তারিখ : ১২/১২/২০১৫

ভর্তি বিজ্ঞপ্তি

দক্ষ জনশক্তি দেশের সম্পদ, দক্ষতা নিজের সম্পদ

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর নিয়ন্ত্রণাধীন নোয়াখালী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে অর্থ মন্ত্রণালয়ের Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের আওতায় আগামী (জানুয়ারী/১৬ ইং হতে জুন/১৬ ইং সেশনে) ৩য় ও ৪র্থ ব্যাচে ৬ মাস মেয়াদী নিম্নবর্ণিত ট্রেডসমূহে ডাবল শিফটে (সকাল/বিকাল) ভর্তি ইচ্ছুক প্রার্থীদের দিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ভর্তি ইচ্ছুক প্রার্থী-প্রার্থীগণকে ৭০ (সত্তর) টাকার বিনিময়ে অত্র কেন্দ্রের প্রশিক্ষণ শাখা হতে আবেদনপত্র সংগ্রহপূর্বক স্বহাতে পূরণ করিয়া নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রশিক্ষণ ভাতাসহ শিল্প-কারখানায় বাস্তব প্রশিক্ষণ এবং চাকুরীর প্রাপ্তির ক্ষেত্রে সহযোগিতা প্রদান করা হবে। প্রশিক্ষণ শেষে চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মহোদয়ের প্রতিশ্রুতির মূল সনদপত্র (সার্টিফিকেট) প্রদান করা হবে। প্রদত্ত সনদ দেশে/বিদেশে দক্ষ কারিগরি পেশায় নিয়োগের ক্ষেত্রে একান্ত সহায়ক হবে এবং আত্মকর্মসংস্থানে আগ্রহীদের জন্য এই প্রশিক্ষণ ফলপ্রসূ হবে।

কোর্সের ধরন	ট্রেড/কোর্সের নাম	শিক্ষণত যোগ্যতা	বয়স	আসন সংখ্যা	প্রশিক্ষণ সময়	কোর্স ফি
৬ মাস মেয়াদী	আইটি সাপোর্ট	এসএসসিসহ কম্পিউটার বেসিক কোর্স সম্পন্ন (সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে)	১৫ হতে	সকল ট্রেডে ৩০টি	শনি-বৃহস্পতিবার প্রত্যহ সকাল ৮.৩০টা হইতে ১১.৩০ পর্যন্ত বিকাল ২.৩০ হতে ৫.৩০	কোন প্রকার কোর্স ফি জমা দিতে হবে না
	ওয়েব ডিজাইন	এসএসসিসহ কম্পিউটার বেসিক কোর্স সম্পন্ন (সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে)	তদুর্ধ্ব ৩৫ বৎসর পর্যন্ত			
	মিড সোভেল সুপারভাইজার	এসএসসি				
	রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং	এসএসসি				
	ইলেকট্রিশিয়ান	এসএসসি				
	ওয়াল্ডিং এন্ড ফেব্রিকেশন	এসএসসি				

ভর্তি সংক্রান্ত তথ্যাবলী :

- আবেদনপত্র গ্রহণ জমা দানের স্থান ও সময় : প্রশিক্ষণ শাখা (কক্ষ নং-১১১), শনি-বৃহস্পতিবার (সকাল ৮.৩০ হতে বেলা ২.০০ পর্যন্ত)।
- আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ : ৩১/১২/২০১৫
- আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ০২/০১/২০১৬
- ভর্তি পরীক্ষার তারিখ : ০৩/০১/২০১৬
- ফলাফল প্রকাশ : ০৩/০১/২০১৬
- রেজিস্ট্রেশন : ০৪/০১/২০১৬
- ক্লাস শুরু : ০৫/০১/২০১৬

আবেদনপত্রের সহিত যাহা দিতে হবে :

- সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- প্রয়োজনীয় সকল সনদের সত্যায়িত কপি (প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক)
- বয়স প্রমাণের জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র/জন্ম সনদ (যাহাতে জন্ম তারিখ উল্লেখ থাকবে)-এর সত্যায়িত কপি।
- পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও চারিত্রিক সনদের সত্যায়িত কপি।
- যে কোন সময় কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই বিজ্ঞপ্তি সম্পূর্ণ বাতিল বা বিজ্ঞপ্তিতে উল্লেখিত যে কোন তারিখ ও তথ্য পরিবর্তনের ক্ষমতা অধ্যক্ষ, নোয়াখালী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র সংরক্ষণ করেন।

প্রকৌঃ মোঃ মাহতাব উদ্দিন পাটওয়ারী
অধ্যক্ষ
নোয়াখালী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র
গাবুয়া, নোয়াখালী।
ফোন নম্বর : ০৩২১-৬২৮৬৩
Email-nttc_noa@yahoo.com

পিএফ-৩৭৭-৫৬০/১৫ (৮'x৩)